
## নিরীক্ষা কর্মসুচির মূল্যায়ন ও ভবিষ্যত কর্মপন্থা নির্ধারন

# আভ্যন্তরীন নিরীক্ষা বিভাগ, কোস্ট ফাউন্ডেশন




০৭ মার্চ ২০২২

প্রধান কার্যালয়-প্রশিক্ষন কক্ষ।

www.coastbd.net

## নিরীক্ষা কর্মসুচি মূল্যায়নের উদ্দেশ্য

- বিগত পাঁচ বছরের নিরীক্ষা কার্যক্রমের অর্জনসমুহের উপর আলোকপাত করা
- নিরীক্ষা বিভাগের সক্ষমতা ও দক্ষতা বিশ্লেষন, এবং
- আগামী পাঁচ বছরের জন্য অগ্রাধিকার কৌশল ও কার্যক্রমসমুহ চিহ্নিত করা।

## নিরীক্ষা কর্মসুচি মূল্যায়নে অনুসৃত পদ্ধতি

- মাঠ পর্যায়ের সহকর্মীদের সাথে এফজিডি
- ব্যক্তি পর্যায়েও বিভিন্ন স্তরের সহকর্মীদের কাছ থেকে তথ্য সংগ্রহ
- নিরীক্ষা সংক্রান্ত বিভিন্ন নিবন্ধ ও প্রতিবেদন পর্যালোচনা এবং সংস্থার বর্তমান নিরীক্ষা কার্যক্রমের সাথে তুলনা করার চেষ্টা করা হয়েছে

## বিগত পাঁচ বছরে নিরীক্ষা কর্মসুচির অর্জন

### নিরীক্ষা কার্যক্রমের প্রভাব

- আর্থিক অনিয়ম ও আত্মসাত'র প্রেক্ষিতে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের সকল শাখা পুর্বের তুলনায় ঝুঁকিমুক্ত হয়েছে।
- পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল শাখা এবং প্রকল্পসমুহ প্রতিবছর একবার অডিট করা হচ্ছে।

## বিগত পাঁচ বছরে নিরীক্ষা কর্মসুচির অর্জন

### নিরীক্ষা কার্যক্রমের ফলাফল

- আর্থিক আত্নসাত [বড় অংক এবং সংখ্যা] হ্রাস পেয়েছে।
- আর্থিক অনিয়ম [ভূয়া/রিকভারী ঋণ এবং ঋণ বিতরন সংক্রান্ত অনিয়ম ইত্যাদি] হ্রাস পেয়েছে।
- মাঠ পর্যায়ে আত্মসাত ও অনিয়ম সীমিত পর্যায়ে রাখা সম্ভব হয়েছে। যে কোন অনিয়ম/আত্মসাত দ্রুত উদঘাটন করা সম্ভব হচ্ছে।
- নীতিমালার চর্চা/বাস্তবায়ন, জবাবদিহিতা নিশ্চিত হওয়ায় আর্থিক শৃংখলা পুর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে।
- তথ্য লিপিবদ্ধকরনে কর্মীদের দক্ষতা বৃদ্ধি এবং ভূলের প্রবনতা হ্রাস পেয়েছে।
- সমস্যা সমাধানের প্রেক্ষিতে সংস্থার ঋণ নীতিমালায় বাস্তবানুগ পরিবর্তন আনা হয়েছে।
- অপারেশন বিভাগ এখন আরও সংবেদনশীল এবং মাঠ কার্যক্রমে তাদের মনিটরিং ও ফলোআপ পুর্বের চেয়ে আরও শক্তিশালী বলে মনে করা হচ্ছে।

## নিরীক্ষা কার্যক্রমে যা অর্জন করা সম্ভব হয় নাই

- আর্থিক অনিয়ম ও প্রতারনা নিয়ন্ত্রনে পৃথক কোন “অডিট নির্দেশিকা”, “কোড অব কন্ডাক্ট”, তহবিল নিরীক্ষার ক্ষেত্রে “ঝুঁকি বিশ্লেষণ নির্দেশিকা” ইত্যাদি প্রনয়ন করা
- ক্ষুদ্র ঋণের কার্যক্রমগত ঝুঁকি বিশ্লেষন [অনিয়ম, খেলাপী, স্থায়ীত্বশীলতা ইত্যাদি] বিষয়সমুহ নিরীক্ষা কার্যক্রমে পূর্ণাঙ্গরূপে অন্তর্ভূক্ত করা
- অর্থবছরকে অনুসরন করে শাখার আর্থিক প্রতিবেদনসমুহকে নিরীক্ষা করা
- নিরীক্ষা পর্যবেক্ষনসমুহ সমাধানের উপর ফলোআপ অডিট
- অভিজ্ঞতার পাশাপাশি নিরীক্ষা কর্মীদের পেশাদারীত্ব উন্নয়নে সময়পোযোগী প্রশিক্ষণ

## নিরীক্ষা কার্যক্রমের সার্বিক মূল্যায়ন [আমাদের সহকর্মীদের অভিজ্ঞতা থেকে]

### নিরীক্ষা কার্যক্রমের সবল দিক

- নিরীক্ষা কার্যক্রমে অভিজ্ঞ মাঠকর্মী নিয়োগ দেওয়া
- পরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল শাখা প্রতিবছর একবার অডিট করা
- ১০০% নিরীক্ষা কৌশল [মাঠ থেকে স্থিতিপত্র/প্রতিবেদন পর্যন্ত সামগ্রিক নিরীক্ষা
- সমস্যা উদঘাটন এবং অকুস্থলে সমাধান কৌশল
- কেন্দ্রীয় পর্যায়ে নিয়মিত অডিট মিটিং এবং পর্যবেক্ষনসমুহের উপর আলোচনা
- অডিট হেয়ারিং [জবাবদিহিতা নিশ্চিতকরন] কার্যক্রম
- সংস্থার অডিট নীতিমালা

## নিরীক্ষা কার্যক্রমের সার্বিক মূল্যায়ন [আমাদের সহকর্মীদের অভিজ্ঞতা থেকে]

### নিরীক্ষা কার্যক্রমের দুর্বল দিক

- নিরীক্ষা কার্যক্রম আরও গতিশীল ও কার্যকর করার জন্য নীতিমালার পাশাপাশি অডিট নির্দেশিকা", "কোড অব কন্ডাক্ট", তহবিল নিরীক্ষার ক্ষেত্রে "ঝুঁকি বিশ্লেষণ" ইত্যাদি নির্দেশিকা না থাকা
- সংস্থার সকল সার্কুলার, প্রচলিত আইন ও বিধিমালা এবং দাতা সংস্থার কমপ্লায়েন্স বিষয়সমুহের উপর নিরীক্ষা কর্মীদের আপডেট না থাকা
- অভিজ্ঞতা থাকলেও দক্ষতা কম থাকায় অনেক সময় নিরীক্ষার কাংখিত উদ্দেশ্য অর্জন হয় না
- নিরীক্ষার বিভিন্ন পর্যায়ে ডিজিটালাইড সিস্টেমের ব্যবহারে দক্ষতা কম থাকা
- ব্যবস্থাপনা কতৃক জবাবদিহিতা ও নিয়ন্ত্রনমূলক ব্যবস্থা গ্রহনে সকল কর্মীর ক্ষেত্রে একই নীতিমালা অনুসরন করতে না পারা

## নিরীক্ষা কার্যক্রমের সার্বিক মূল্যায়ন [আমাদের সহকর্মীদের অভিজ্ঞতা থেকে]

### নিরীক্ষা কার্যক্রমের জন্য সুযোগ

- পূর্ণাঙ্গ নীতিমালার পাশাপাশি নিরীক্ষা সংক্রান্ত নির্দেশিকাসমুহ প্রনয়নের ক্ষেত্রে অন্যান্য সংস্থার অভিজ্ঞতা নেওয়ার সুযোগ রয়েছে।
- অডিট কর্মীদের যথাযথ প্রশিক্ষনের মাধ্যেমে তাদের দক্ষতা উন্নয়ন
- ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আর্থিক লেনদেন আরও নিবিড়ভাবে নিরীক্ষা করার জন্য নিরীক্ষকদেরকে ডিজিটালাইজড করার সুযোগ রয়েছে।
- সংস্থার সকল পর্যায়ে নিরীক্ষা কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয়ের মাধ্যমে ভবিষ্যতে এই সেক্টরকে একটি পূর্ণাঙ্গ সেক্টর হিসাবে রূপান্তর করার সুযোগ রয়েছে

## নিরীক্ষা কার্যক্রমের সার্বিক মূল্যায়ন [আমাদের সহকর্মীদের অভিজ্ঞতা থেকে]

### নিরীক্ষা কার্যক্রমের জন্য ঝুঁকি ও চ্যালেঞ্জ

- নিরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকাসমুহ প্রনয়ন না করলে ভবিষ্যতে নিরীক্ষা কাজে সমস্যা হতে পারে।
- সমস্যা চিহ্নিত করন এবং প্রতিবেদন তৈরীতে বিশ্লেষনাত্বক দক্ষতার ঘাটতী
- মাঠে মধ্যম স্তরের [তত্বাবধায়ক পর্যায়ে] কর্মীগন অনেক সময় আর্থিক অনিয়মের সাথে জড়িয়ে পড়া
- আর্থিক অনিয়ম চিহ্নিত করার ক্ষেত্রে অনেক সময় সমিতি সদস্যগনের জড়িয়ে পড়া

- অনেক সময় নিরীক্ষা কর্মীদের দ্বারা নিরীক্ষার প্রকৃত তথ্য গোপন করা
- ব্যবস্থাপনার কিছু নীতিগত সিদ্ধান্ত অনেক সময় নিরীক্ষা কার্যক্রম বাস্তবায়নে চ্যালেঞ্জ হিসাবে দেখা দেয়।
- অনুমোদিত নীতিমালা না থাকায় দুর্বল কর্মীদেরকে নিরীক্ষা সেক্টরে নিয়োগ/বদলীর চেষ্টা করা।
- নিরীক্ষা কর্মী নিয়োগের বিষয়ে আউটসোর্সিং এর ক্ষেত্রে সংস্থার আর্থিক সীমাবদ্ধতা

# সকলকে ধন্যবাদ